দামুড়হুদা চিৎলায় বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা সদরে চিৎলায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধা ৭ টার দিকে চিৎলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এই কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএন পির সভাপতি আব্দুল খালেক খাঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় তিনি বলেন, সমাজ থেকে মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের উচ্ছেদ করতে হবে। মাদক উচ্ছেদের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে আমরা অনুরোধ করবো এদিকে আপনারা লক্ষ্য রাখুন আমরা আপনাদের মাদক উচ্ছেদের ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করব। সেই সাথে বিএনপি দলের ভেতর কোনো চাঁদাবাজি উচ্ছৃংখল কাউকে স্থান দেওয়া হবে না। বিএনপি একটি শান্তি প্রিয় ও জনগণের আস্থার দল।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন থানা বিএনপির, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলি।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি নেতা আতিয়ার রহমান চুন্নু, তোতাম মিয়া, শামসুল আলম, টিটন, যুবদল নেতা লিটন, সজল,দামুড়হুদা সদর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক তারিকুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক তুহিন, ছাত্রদল নেতা সজীব আহমেদ, মামুন প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন থানা বিএনপির সংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়ন বিএনপির ১১ নেতাকে স্বতর্কীকরণ পত্র প্রেরণ

দলের গঠনতন্ত্র পরিপন্থি কাজ করায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়ন বিএনপির ১১ নেতাকে স্বতর্কীকরণ পত্র দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (১৭ অক্টোবর) জুড়ানপুর ইউনিয়ন বিএনপির পক্ষে দপ্তর সম্পাদক মোঃ আলমগীর হোসেন এ পত্র প্রেরণ করেন।

স্বতর্কীকরণ পত্রে জানানো হয়, জুড়ানপুর ইউনিয়নের বিএনপির সভাপতি ও সম্পাদককে অবগত না করে গত ১১ অক্টোবর সন্ধ্যার পর ৮ নং ওয়ার্ড বিএনপির কর্মী সভা করা হয়। উক্ত কর্মী সভায় অত্র ইউনিয়নের কয়েকটি ওয়ার্ডের সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক ইউনিয়ন কমিটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত হয়।

দলের গঠনতন্ত্র পরিপন্থি ওই কর্মী সভায় উপস্থিত হওয়ার কারণ দিয়ে যে ১১ নেতাকে পত্র দেওয়া হয়েছে তারা হলেন (১) মোঃ শীতল আলী, সভাপতি ৮ নং ওয়ার্ড বিএনপি, (২) মোঃ ছানোয়ার হোসেন, সাধারণ সম্পাদক ৮ নং ওয়ার্ড বিএনপি, (৩) মোঃ মজিবুল হক, সভাপতি ২ নং ওয়ার্ড বিএনপি, (৪) এ.জেড আমিনুল হাবিব সোহাগ, সাধারণ সম্পাদক ২ নং ওয়ার্ড বিএনপি, (৫) মোঃ জুলমত হোসেন, সভাপতি ৩ নং ওয়ার্ড বিএনপি, (৬) মোঃ গোলাম হোসেন, সাধারণ সম্পাদক ৩ নং ওয়ার্ড বিএনপি, (৭) মোঃ আবুল বাশার, সহ-সভাপতি ৪ নং ওয়ার্ড বিএনপি, (৮) মোঃ কামাল উদ্দীন, সাংগঠনিক সম্পাদক ৪ নং ওয়ার্ড বিএনপি, (৯) মোঃ সাইদুর রহমান লিপু, ১ নং নির্বাহী সদস্য জুড়ানপুর ইউনিয়ন বিএনপি, (১০) মোঃ আবুল কালাম আজাদ, নির্বাহী সদস্য জুড়ানপুর ইউনিয়ন বিএনপি ও (১১) মোঃ নাসির উদ্দিন, যুগ্ম সম্পাদক জুড়ানপুর ইউনিয়ন বিএনপি।

পত্রে সতর্ক করে আরো বলা হয়, আগামীতে দলের গঠনতন্ত্র পরিপন্থি দলীয় কোন কর্মকান্ড করলে আপনার বিরুদ্ধে সাংগাঠনিক ব্যবস্থা গ্রহন করা হইবে। এ বিষয়ে আপনাকে সতর্ক থাকিবার জন্য অনুরোধ করা হইল।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইদ্রিস আলী ও সাধারণ সম্পাদক রুহুল আমিন এর নির্দেশনানুযায়ী এই সতর্কীকরণ পত্র প্রেরণ করা হয়।

দামুড়হুদায় যুবদলের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা মাদ্রাসা ও বেগো পাড়ার যুবদলের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) সন্ধ্যা ৭ টার দিকে মাদ্রাসা পড়ার ৪ নং ওয়ার্ডের অস্থায়ী বিএনপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

৪ নং ওয়ার্ড বিএন পির সভাপতি আশরাফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বি এনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় তিনি বলেন, আওয়ামীলীগের যারা গা মেলে উড়ে বেড়াচ্ছেন আপনারা মনে রাখবেন আপনাদের অপরাধের সাজা নিতে হবে।আইনী ভাবে আপনাদের বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে। কাউকে ছাড় দেওয়া হবে না।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন থানা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলি, উপজেলা যুবদলের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম আরিফ উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, যুবদল নেতা তারিকুল ইসলাম লিটন।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মাদ্রাসা ও বেগো পাড়ার যুবদলের নেতা বাকী বিল্লাহ, সাইদুর রহমান, মিন্টু, বাসার, নয়ন, সাদেক শাহ, জামাল, আবু বক্কর, শাহ আলম, ডাবলু। অনুষ্ঠানটি পরিচালনা করেন ৪নং ওয়ার্ড যুবদলের নেতা ওমর ফারুক।

দামুড়হুদার জয়রামপুর মাঠ থেকে কৃষকের লাশ উদ্ধার

দামুড়হুদা জয়রামপুর কুমারীদহের মাঠ থেকে শওকত আলী নামের একজন কৃষকের লাশ উদ্ধার করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৭ টার দিকে এ লাশ উদ্ধার করে দামুড়হুদা মডেল থানার পুলিশ। তিনি জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে শওকত আলী (৫০) পারিবারিক কলহের জের ধরে বিষপান করে জয়রামপুর কুমারীদহ’র মাঠে মৃত অবস্থায় পড়ে ছিল। সকালে মাঠে কৃষি কাজ করতে গিয়ে একজন কৃষক মৃতের লাশ পড়ে থাকতে দেখে দামুড়হুদা মডেল থানায় সংবাদ দেয়। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, সেকেন্ড অফিসার এসআই আসাদুজ্জামান আসাদ ঘটনাস্থল পরিদর্শন করেন।

স্থানীয়রা বলেন, রাত ১২ টা থেকে সে নিখোজ ছিলো। অনেক খোঁজা খুঁজি করেও তাকে পাওয়া যাইনি। পরে সকাল সাড়ে ৬ টার দিকে লোক মারফত সংবাদ পাই সে বিষ খেয়ে আত্মহত্যা করেছে। লোকটি প্রচন্ড হট মেজাজী ছিলো। পরিবারের সাথে কোন রকম মনমালিন্য হলেই সে বিষ পান করতো। এর আগেও সে দুই দুইবার বিষ পান করেছিলো। কিন্তু এবার তৃতীয় বারে তার আর শেষ রক্ষা হলোনা।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমগীর কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পরিবারের কারো কোন অভিযোগ নেই। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়না তদন্ত শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। এবিষয়ে একটি অপমৃত্যু মামলা রজু করা হয়েছে।

দামুড়হুদায় বাইসাইকেল বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় “ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহয়তা” প্রকল্পের আওতায় উপজেলাধীন বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়নরত ১৭১ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বরে বাইসাইকেল বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি’র বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, কোমলমতি শিক্ষার্থীদের পড়াশোনা ও স্কুলে যাওয়ার উৎসাহ বাড়ানোর জন্য বাইসাইকেল বিতরণ করা হচ্ছে। যানজট এড়িয়ে সঠিক সময়ে স্কুল যাওয়া আরও সহজ হবে। স্কুলে যাওয়া আসার ভাড়া সাশ্রয় হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, দামুড়হুদা উপজেলা জামায়াতের আমির নায়েব আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ প্রমূখ।

“ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহয়তা” প্রকল্পের আওতায় উপজেলার মোট ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৭১ টি গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের ঈমাম ও খতিব হাফেজ মাওঃ মুফতি মামুনুর রশীদ। অনুষ্ঠান টি সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

দামুড়হুদা মডেল থানা পরিদর্শনে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম

দামুড়হুদা মডেল থানা পরিদর্শন করেছেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম। এসময় সাথে ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল ও সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় তিনি সরজমিনে পরিদর্শন করেন।

দামুড়হুদা মডেল থানা পরিদর্শন কালে প্রথমেই জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর।

মডেল থানা পরিদর্শন কালে থানার সকল পুলিশ সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং সার্বিক বিষয়ে খোঁজ খবর নেন তিনি।

এ সময় জেলা প্রশাসককে দামুড়হুদা মডেল থানার পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। মডেল থানা পরিদর্শন শেষে তিনি বলেন, জেলার আইন শৃঙ্খলা সমুন্নতি রাখতে জেলা প্রশাসন বদ্ধ পরিকর। দামুড়হুদা মডেল থানা এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় তিনি সন্তোষ প্রকাশ করেন। থানায় এসে যেনো কোন সেবা গ্রহীতা বিড়ম্বনা ও প্রতারণার স্বীকার না হয় সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। পুলিশ ও জনগণের সম্পর্কের দূরত্ব কমিয়ে আনতে হবে। জনগণ ও পুলিশের সম্পর্ক ভালো থাকলে এলাকার সার্বিক পরিস্থিতি ভালো থাকে।

দামুড়হুদার চন্দ্রবাসে বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের চন্দ্রবাস গ্রামে আজ সোমবার সন্ধ্যা ৬ টার দিকে ইউনিয়ন বিএনপির কার্যালয়ে যুবদল নেতা আমানুর রহমানের সভাপতিত্বে ওয়ার্ড বিএনপি, কৃষকদল, সেচ্ছাসেবকদল, যুবদল, ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাটুদা ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক ওসমান গণি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৃহত্তর নতিপোতা ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক শহিদুল ইসলাম মোল্লা, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা জাবেদ আলী মেম্বর, নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

এসময় বক্তারা বলেন আমাদের এ বিজয় সাময়িক বিজয়। এ বিজয় ধরে রাখতে হলে আগামীতে চুয়াডাঙ্গা ০২ আসনের বিএনপির অভিভাবক মাহমুদ হাসান খাঁন বাবুকে এমপি করে সংসদে পাঠাতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপি সরকারে আসলে আমাদের বিজয় অর্জিত হবে। দলকে সুসংগঠিত করতে দিনরাত কাজ করতে হবে। সকলকে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন যুবদল নেতা মাসুদ, শহীদ, মিন্টু, ছাত্রদল নেতা এখলাস, ওয়ালিদ, জিহাদ, ইয়াসিন, রাকিব, মহিবুল, সেলিম, তানভীর প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

জেলা প্রশাসক-পুলিশ সুপার-শান্তিপূণভাবে দুর্গা উৎসব শেষ

হবে

দামুড়হুদার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক-পুলিশ সুপার। গতকাল শনিবার বিকাল ৫টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করে পূজা মন্ডপের নিরাপত্তা সহ সকল বিষয়ে সার্বিক খোঁজ খবর নেন।

পূজা মন্ডপ পরিদর্শনকালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, জেলায় শান্তিপূর্ণভাবে শারদীয় দুর্গা উৎসব হচ্ছে। জেলার কোথায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আশাকরি শান্তিপূণভাবে দুর্গা উৎসব শেষ হবে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম বলেন, শারদীয় দুর্গা উৎসব উপলক্ষে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। কোথাও কোনো অপশক্তি সুন্দর পরিবেশ বিনষ্ট করতে পারেনি। যদি কোনো অপশক্তি দুগা উৎসব বিনষ্ট করার চেষ্টা করে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা মমতাজ মহল, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার (ওসি) মো আলমগীর কবির, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান, বাকী বিল্লাহ, দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, চিৎলা হালদারপাড়া মন্দিরের সভাপতি, মদন কুমার হালদার, সাধারণ সম্পাদক বিশু হালদার প্রমুখ।

উল্লেখ, চলতি বছরে দামুড়হুদা উপজেলার পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে মোট ২০টি মন্দিরে শারদীয় দূর্গাপূজার কার্যক্রম চলছে। প্রতিটি মন্দিরে পূজা যেন নির্বিগ্নে উদযাপন করতে পারেন, সেই জন্য প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপর ভূমিকায় রয়েছে। এখনো পর্যন্ত কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

দামুড়হুদায় বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শনে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নাজমুল হামিদ রেজা

চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) নাজমুল হামিদ রেজা বলেন আমরা সবাই বাঙ্গালি জাতি, বাংলাদেশের মানুষ হিসেবে এটাই আমাদের বড় পরিচয়। সাম্প্রদায়িক চেতনায় নয় অসাম্প্রদায়িক চেতনায় আমরা বাংলাদেশ গড়ব। শারদীয় দুর্গাপূজা উৎসব হিন্দু ধর্মালম্বী ভাই-বোনদের সবচেয়ে বড় উৎসব এবং এটা বাঙালি সংস্কৃতির একটা অংশ। সেজন্য সকলে মিলে আমরা এই উৎসব পালন করব যেখানে কোন ভেদাভেদ থাকবে না।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শনকালে দামুড়হুদা সদর ইউপির পাঁচ নম্বর ওয়ার্ডের চিৎলা শ্রী শ্রী সার্বজনীন পূজা মন্ডপ পরিদর্শনে এসে বক্তব্যে এসব কথা বলেন।

সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহল এ সময় তিনি বলেন, আমার উপজেলায় ২০ টি পূজা মন্ডপে জাঁকজমকপূর্ণভাবে পূজা উদযাপন হচ্ছে, পূজা উদযাপন নির্বিঘ্ন করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সহ সহযোগী বিভিন্ন সংগঠন ও সংস্থা কাজ করে চলেছে, এবার শারদীয় দুর্গা পূজা উৎসবে এই উপজেলার বিভিন্ন পূজা মন্ডপে যেভাবে হিন্দু মুসলমান ভাই সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ সহযোগিতা করছে এটা দেখে আমি সত্যিই অভিভূত হয়েছি।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, সহকারী কমিশনার আব্দুর রহমান, সহকারি কমিশনার আসফাকুর রহমান, সরকারি কমিশনার সামিউল আজম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, এনজিও ব্র্যাকের জেলা সমন্বয়ক মানিক রুগা, দামুড়হুদা মডেল থানার অপারেশন্স ওসি (তদন্ত) হিমেল রানা, এসআই বাকি বিল্লাহ, উপজেলা বিএনপি’র সাবেক প্রচার সম্পাদক

আশরাফুল আলম বাবলু, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি সজিবুল ইসলাম, হাসনাত খুশবু, সৌরভ, আকাশ, চিৎলা শ্রী শ্রী সার্বজনীন দূর্গা মন্দিরের সভাপতি মদন কুমার হালদার, সাধারণ সম্পাদক বিষ্ণু কুমার হালদার, দামুড়াহুদা প্রেসক্লাবের সভাপতি সামসুজ্জোহা পলাশ, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, বিএনপি নেতা মনজুর রহমান, যুবদল নেতা খোকন আলী, আব্দুস সালাম সহ পূজা মন্দিরে আগত অসংখ্য ভক্তবৃন্দ। আগত অতিথিবৃন্দ চিৎলা শ্রী শ্রী সার্বজনীন পূজা মন্ডপ পরিদর্শনে আসলে তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন মন্দিরের সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ ভক্তবৃন্দ।

দামুড়হুদার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন ও আর্থিক সহায়তা প্রদান

দেশ নায়ক তারেক রহমানের নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ‘র পক্ষে দামুড়হুদা উপজেলা বিএনপির নেতৃবৃন্দ বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন ও আর্থিক সহায়তা প্রদান করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে দামুড়হুদা উপজেলা বিএনপির নেতৃবৃন্দ পূজা মন্ডপ পরিদর্শন শেষে আর্থিক সহায়তা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সিনিয়র সহ-সভাপতি মো: আব্দুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আঃ রহিম, সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, উপজেলা যুবদলনেতা মোমিনুল হক, আরিফুল ইসলাম আরিফ সহ বিএনপি, যুবদল সহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।